# চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয়

Chittagong Veterinary and Animal Sciences University (CVASU)

## ভর্তি বিজ্ঞপ্তি

শিক্ষাবর্ষ ২০১৮-২০১৯

নং-চভেএসাবি/রেজি:/ভর্তি-৭৫(অংশ-১১)/২০১৮-১৯/১৫৩০ তারিখ: ২৯/০৮/২০১৮ খ্রি.

চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয়ে ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে ১ম বর্ষ ১ম সেমিস্টারে ভর্তির জন্য আবেদন আহ্বান করা যাচ্ছে

১। **ভর্তিচ্ছু ছাত্র-ছাত্রীদের ন্যূনতম যোগ্যতা :**

- আবেদনকারীকে বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে।
- ২০১৫ অথবা ২০১৬ সালে এসএসসি/সমমান এবং ২০১৭ অথবা ২০১৮ সালে এইচএসসি/সমমান পরীক্ষায় বিজ্ঞান গ্রুপ থেকে পাস করতে হবে (যে সকল প্রার্থী ২০১৫ সালের পূর্বে এসএসসি/সমমান এবং ২০১৭ সালের পূর্বে এইচএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে, সে সকল প্রার্থী আবেদন করার যোগ্য বলে বিবেচিত হবে না)।
- এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় সমষ্টিগতভাবে ন্যূনতম **জিপিএ ৭.০** এবং আলাদাভাবে প্রত্যেকটিতে ন্যূনতম **জিপিএ ৩.০** পেতে হবে।
- এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় পদার্থ, রসায়ন, গণিত (এসএসসি-এর ক্ষেত্রে সাধারণ গণিত) এবং জীববিদ্যা আলাদা বিষয় হিসেবে থাকতে হবে।
- এইচএসসি/সমমান পরীক্ষায় পদার্থ, রসায়ন, গণিত, জীববিদ্যা এবং ইংরেজি প্রতিটি বিষয়ে ন্যূনতম **গ্রেড পয়েন্ট ২.০** থাকতে হবে।

২। **অনুষদ ও আসন সম্পর্কিত বিবরণ :**

| ক্রমিক নং | অনুষদের নাম * | ডিগ্রির নাম | কোর্সের মেয়াদ | সাধারণ আসন সংখ্যা | সংরক্ষিত আসন সংখ্যা | | মোট আসন সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | মুক্তিযোদ্ধা | উপজাতীয় | |
| ১ | ভেটেরিনারি মেডিসিন অনুষদ | ডক্টর অব ভেটেরিনারি মেডিসিন (ডিভিএম) | পাঁচ বছর | ৯৪ | ০৩ | ০৩ | ১০০ |
| ২ | ফুড সায়েন্স এন্ড টেকনোলজি অনুষদ | বি এসসি (সম্মান) ইন ফুড সায়েন্স এন্ড টেকনোলজি | চার বছর | ৭৪ | ০৩ | ০৩ | ৮০ |
| ৩ | ফিশারিজ অনুষদ | বি এসসি ইন ফিশারিজ (সম্মান) | চার বছর | ৫৯ | ০৩ | ০৩ | ৬৫ |
| | | | মোট | ২২৭ | ০৯ | ০৯ | ২৪৫ |

* তিনটি অনুষদের জন্য একটিমাত্র আবেদন করতে হবে এবং অনুষদের পছন্দক্রম নির্বাচনী পরীক্ষার সময় উত্তরপত্রের নির্ধারিত ঘরে উল্লেখ করতে হবে।

৩। **ভর্তির জন্য চূড়ান্ত প্রার্থী নির্বাচন :**

(ক) ভর্তির জন্য মূল্যায়নের মোট নম্বর : ২০০

(i) এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান পরীক্ষার ফলাফলের উপর ১০০ নম্বর

* এসএসসি/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ এর ৮ গুণ = ৪০ নম্বর

* এইচএসসি/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ এর ১২ গুণ = ৬০ নম্বর

(ii) লিখিত পরীক্ষা (MCQ পদ্ধতি) ১০০ নম্বর

(খ) লিখিত পরীক্ষার সময় ১ (এক) ঘন্টা

(গ) লিখিত পরীক্ষার বিষয় ও নম্বর : পদার্থবিদ্যা-২০, রসায়নবিদ্যা-২০, গণিত-২০, জীববিদ্যা-৩০, ইংরেজি-১০।

৪। **ভর্তির আবেদন গ্রহণ, ভর্তি পরীক্ষা, ভর্তি সংক্রান্ত তারিখ ও সময়সূচি :**

| | | |
|---|---|---|
| ১. | আবেদন করার সময় | ০৩/০৯/২০১৮ হতে ০৪/১১/২০১৮ পর্যন্ত |
| ২. | ভর্তি পরীক্ষার তারিখ ও স্থান | ২৪/১১/২০১৮ (শনিবার) [সকাল ১১:০০ ঘটিকা, বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস ও অন্যান্য নির্ধারিত কেন্দ্র সমূহ] |
| ৩. | ফলাফল প্রকাশ | ২৪/১১/২০১৮ [রাত ৮:০০ ঘটিকার পর ফলাফল বিশ্ববিদ্যালয়ের নোটিশ বোর্ড ও ওয়েবসাইটে প্রকাশ করা হবে] |
| ৪. | মেধা তালিকা হতে ভর্তি | ০২/১২/২০১৮ এবং ০৩/১২/২০১৮ |
| ৫. | অপেক্ষমান তালিকা হতে ভর্তি | ০৪/১২/২০১৮ |
| ৬. | ক্লাস শুরুর সম্ভাব্য তারিখ | ০১/০১/২০১৯ |

৫। **SMS পদ্ধতিতে মোবাইল ফোনের মাধ্যমে ভর্তির আবেদন প্রক্রিয়া :**

ক) ভর্তি পরীক্ষার আবেদনের জন্য একটি **টেলিটক প্রি-পেইড** মোবাইল ফোন থেকে **১৬২২২** নম্বরে এসএমএস করতে হবে।

খ) যে কোন **টেলিটক প্রি-পেইড মোবাইল** ফোনের মাধ্যমে মেসেজ অপশনে গিয়ে **CVASU** <Space> এইচএসসি শিক্ষা বোর্ডের নামের প্রথম তিনটি অক্ষর <Space> এইচএসসি পরীক্ষার রোল নম্বর <Space> এইচএসসি পাশের সাল <Space> এসএসসি শিক্ষাবোর্ডের নামের প্রথম তিনটি অক্ষর <Space> এসএসসি পরীক্ষার রোল নম্বর <Space> এসএসসি পাশের সাল <Space> যে মাধ্যমে পরীক্ষা দিতে ইচ্ছুক (বাংলা মাধ্যমের জন্য **B** অথবা ইংরেজী মাধ্যমের জন্য **E** ) লিখে ১৬২২২ নম্বরে এসএমএস করতে হবে।

**উদাহরণ : CVASU<>DHA<>123456<>2018<>DHA<>123456<>2016<>B**

উদাহরণটি ঢাকা বোর্ডের এবং **CVASU** এর সকল অনুষদের জন্য। এখানে '১২৩৪৫৬' এবং DHA এর পরিবর্তে যথাক্রমে আবেদনকারীর নিজের এইচএসসি/সমমান এবং এসএসসি/সমমান পরীক্ষার রোল নম্বর এবং শিক্ষা বোর্ড দিতে হবে। কোন প্রার্থী ২০১৭ সালে এইচএসসি/সমমান পাশ করে থাকলে ২০১৮ এর পরিবর্তে ২০১৭ লিখতে হবে।

চলমান (পাতা-২)

গ) বিভিন্ন বোর্ডের কীওয়ার্ড- বরিশাল (**BAR**), চট্টগ্রাম (**CHI**), কুমিল্লা (**COM**), ঢাকা (**DHA**), দিনাজপুর (**DIN**), যশোর (**JES**), মাদ্রাসা (**MAD**), রাজশাহী (**RAJ**), সিলেট (**SYL**) এবং OPEN UNIVERSITY & FOREIGN (**OTH**)

ঘ) উপরের এসএমএসটি পাঠানোর পর সকল তথ্য সঠিক হলে ফিরতি এসএমএস এ আবেদনকারীর নাম, ভর্তি পরীক্ষার ফি ও একটি **PIN** জানিয়ে সম্মতি চাওয়া হবে। অত:পর ১৬২২২ নম্বরে আরেকটি এসএমএস পাঠিয়ে সম্মতি জানাতে হবে। সম্মতি জানানোর জন্য প্রথমে **CVASU**<স্পেস >**YES**<স্পেস >**PIN**<স্পেস> দিয়ে আবেদনকারীর নিজের ব্যবহৃত যে কোন অপারেটরের একটি মোবাইল নম্বর লিখে টেলিটক প্রিপেইড সিম থেকে ১৬২২২ নম্বরে এসএমএস করতে হবে। আবেদনকারীর টেলিটক মোবাইলে পর্যাপ্ত পরিমাণ টাকা থাকলে তা থেকে ভর্তি পরীক্ষার নির্দিষ্ট ফি [তিনটি অনুষদের জন্য একত্রে **১০০০/- (এক হাজার)** টাকা] কেটে নিয়ে একটি এসএমএস এর মাধ্যমে প্রবেশপত্রের জন্য একটি **User ID** ও **Password** দেয়া হবে। একবার এসএমএস করে আবেদন করলে তা প্রত্যাহার করা যাবে না।

**User ID ও Password সযত্নে নিজ দায়িত্বে সংরক্ষণ করতে হবে। যা পরবর্তীতে প্রবেশপত্র ডাউনলোডের ক্ষেত্রে প্রয়োজন হবে।**
উদাহরণ: **CVASU<>YES<>65432134** (পিন নম্বর)**<>01XXXXXXXXX** (আবেদনকারীর মোবাইল নম্বর)

ঙ) একটি টেলিটক মোবাইল ফোনের মাধ্যমে একাধিক আবেদন করা যাবে, তবে আবেদনের দ্বিতীয় ধাপে সম্মতি জানানোর সময় যোগাযোগের জন্য আবেদনকারী ব্যবহার করতে পারে এমন যে কোন অপারেটর-এর পৃথক পৃথক মোবাইল ফোন নম্বর দেয়া ভালো।

চ) 'ও'/'এ' লেভেলের ক্ষেত্রে আবেদনকারীকে উপরের নিয়ম অনুযায়ী **১৬২২২** নম্বরে এসএমএস করতে হবে। এক্ষেত্রে বোর্ডের নামের জায়গায় **GCE** লিখতে হবে।

**উদাহরণ: CVASU<>GCE<>123456<>2018<>DHA<>123456<>2016<>B** এখানে '১২৩৪৫৬' এর পরিবর্তে আবেদনকারীর A-Level এবং O-Level এর নিজ নিজ Candidate নম্বরটি বসাতে হবে। বাংলা মাধ্যমে পরীক্ষার জন্য **B** অথবা ইংরেজি মাধ্যমে পরীক্ষার জন্য **E** লিখতে হবে।

ছ) **কোটায় ভর্তিচ্ছু আবেদনকারীর ক্ষেত্রে-**

* মুক্তিযোদ্ধা সন্তান কোটা (**FFQ**), উপজাতীয় কোটা (**TQ**) -এ আবেদন করার জন্য ১৬২২২ নম্বরে নিম্নরূপে এসএমএস করতে হবে:

**উদাহরণ : CVASU<>DHA<>123456<>2018<>DHA<>123456< >2016<>B<>FFQ**

উদাহরণটি ঢাকা বোর্ডের এবং **CVASU** সকল অনুষদের মুক্তিযোদ্ধা সন্তান (**FFQ**) কোটার জন্য। উপজাতীয়দের ক্ষেত্রে অনুরূপ **FFQ** এর পরিবর্তে **TQ** হবে।

* ভর্তি পরীক্ষায় নির্বাচিত হলে মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট পিতা-মাতা/দাদা-দাদী/নানা-নানীর অনুকূলে সরকার কর্তৃক স্বীকৃত মুক্তিযোদ্ধার সনদপত্র, সংশ্লিষ্ট পিতা/মাতার জাতীয় পরিচয়পত্রের কপি এবং চেয়ারম্যানের প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।

* ভর্তি পরীক্ষায় নির্বাচিত হলে বৃহত্তর পার্বত্য চট্টগ্রাম অঞ্চলের উপজাতি প্রার্থীদের ক্ষেত্রে স্ব-স্ব রাজা এবং বৃহত্তর পার্বত্য চট্টগ্রাম ব্যতীত অন্যান্য জেলার উপজাতি প্রার্থীদেরকে স্ব-স্ব জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত স্থায়ী বাসিন্দা সম্পর্কিত প্রত্যয়নপত্রের মূল কপি দাখিল করতে হবে।

জ) **USER ID & PASSWORD/PIN** বা যে কোন তথ্য হারিয়ে গেলে তা পুনরায় পেতে যে কোন টেলিটক নম্বর থেকে নিম্নোক্তভাবে এসএমএস করতে হবে:
**উদাহরণ : CVASU<>HELP<>HSC BOARD <>HSC ROLL<>HSC YEAR<> Send to 16222**

ঝ) **প্রবেশপত্র ডাউনলোড :** প্রবেশপত্র প্রাপ্তির জন্য http://cvasu.teletalk.com.bd এ ব্রাউজ করতে হবে। **CVASU** এডমিশন অপশনে ক্লিক করে স্ব-স্ব User ID ও Password দিয়ে লগ ইন করলে আবেদনকারীর তথ্য প্রদর্শিত হবে এবং ছবি ও স্বাক্ষর আপলোড এর অপশন পাওয়া যাবে।

**ছবি ও স্বাক্ষর আপলোড :**

* ছবির দৈর্ঘ্য ও প্রস্থ 300 × 300 Pixel এবং এই ছবির ফাইল সাইজ 100KB এর বেশি বাঞ্ছনীয় নয়। **সাদা কালো ছবি গ্রহণযোগ্য নয়।** স্বাক্ষরের ক্ষেত্রে দৈর্ঘ্য ও প্রস্থ 300 × 80 Pixel এর হবে এবং ফাইল সাইজ 60KB এর বেশি বাঞ্ছনীয় নয়।

* ছবি ও স্বাক্ষর আপলোড হলে প্রবেশপত্র ডাউনলোড করে ২ (দুই) কপি প্রবেশপত্র প্রিন্ট করে নিতে হবে। প্রবেশপত্রের এক কপি নিজের কাছে রাখতে হবে এবং **অন্যটি সাম্প্রতিক তোলা রঙ্গিন দুই কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবিসহ পরীক্ষার হলে সংশ্লিষ্ট পরিদর্শকের নিকট জমা দিতে হবে।** প্রবেশপত্রে ছাত্র-ছাত্রীদের নাম, রোল নম্বর, পরীক্ষার তারিখ ও সময় লেখা থাকবে। আগামী ১২/১১/২০১৮ তারিখ হতে http://cvasu.teletalk.com.bd ব্রাউজ করে প্রবেশপত্র ডাউনলোড করা যাবে। এ বিষয়ে এসএমএসের মাধ্যমে জানানো হবে।

*** প্রার্থীকে পরীক্ষার হলে অবশ্যই এইচএসসি/সমমান পরীক্ষার মূল রেজিস্ট্রেশন কার্ড/প্রবেশপত্র নিয়ে আসতে হবে।**

৬। সফলভাবে আবেদনকৃত শিক্ষার্থীদের আসন বিন্যাস এবং ভর্তি সংক্রান্ত সকল তথ্যাদি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (www.cvasu.ac.bd)/গণমাধ্যমে ও বিশ্ববিদ্যালয়ের নোটিশ বোর্ডে প্রচার করা হবে।

৭। ফলাফল প্রকাশের পর ভর্তির সময় সকল সনদপত্র ও প্রমাণপত্রের মূলকপি বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট ডিন অফিসে অবশ্যই জমা দিতে হবে।

৮। ভর্তিকৃত কোন ছাত্র-ছাত্রীর ভুল তথ্য/অনিয়ম পরিলক্ষিত হলে ভর্তি বাতিল বলে গণ্য হবে।

৯। ভর্তি বিষয়ক যে কোন নিয়ম-কানুন পরিবর্তন বা পরিবর্ধনের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

Mirza Farook Imam 29.08.18

**মীর্জা ফারুক ইমাম**
রেজিস্ট্রার
চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয়

Website: www.cvasu.ac.bd
E-mail: registrarcvasu@gmail.com
Helpline: 01721119050, 01738203209, 01864813281